12

দৈনিক সংবাদ

তারিখ ... 14 JAN 1997
পৃঃ ৮ কলাম ৭

# পাকুন্দিয়া থানায় ৩০টি পল্লী স্কুল চালু করা হয়েছে

কিশোরগঞ্জ, ১৩ই জানুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।– কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া থানায় ৩০টি পল্লী স্কুল চালু করা হয়েছে। গত ১০ই জানুয়ারি আনুষ্ঠানিকভাবে স্কুলগুলো উদ্বোধন করেন বিশিষ্ট শিক্ষানুরাগী মিসেস মেহবুবা ইরানী ফরহাদ। বেসরকারি সংস্থা পল্লী বিকাশ কেন্দ্র চলতি শিক্ষা বর্ষ থেকে এসব স্কুল চালু করেছে। উপ আনুষ্ঠানিক শিক্ষা বিস্তার কর্মসূচির আওতায় স্কুলগুলো পরিচালিত হবে।

এদিকে পাকুন্দিয়া থানার মঠখলা হাজি জাফর আলি কলেজের ৩০ জন গরিব ও মেধাবী ছাত্রছাত্রীকে আজ পল্লী বিকাশ কেন্দ্রের পক্ষ থেকে বৃত্তি প্রদান করা হয়েছে। এ উপলক্ষে স্থানীয় শহীদ আলাউদ্দিন উচ্চবিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে কিশোরগঞ্জের জেলা প্রশাসক প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।